

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, রাজশাহী।
web:durgapur.rajshahi.gov.bd

স্মারক নং: ১৬.০১.৮১০০.০২১.২৩.০০২.২১-(৫৫)

তারিখ: ২০/০৭/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবে। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণামূলী প্রকাশনার অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারীঃ সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৩	খাদেম	০২ জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সমূহ সংযুক্ত করতে হবে;
 - ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড (সিটি কর্পোরেশন/পৌরসভার জন্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
 - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি;
 - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত চারিত্রিক সনদপত্র;
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি;
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর বরাবরে আগামী ৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগ/সরাসরি দরখাস্ত পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে;
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে;
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- কোন তথ্য গোপন করে চাকরীতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমান সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;
- নিয়োজিত প্রার্থীগনকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে;
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী বাতিল করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


২০/০৭/২০২৩

(মো: সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, রাজশাহী

স্মারক নং ১৬.০১.৮১০০.০২১.২৩.০০২.২১-০৪

তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২০/০৭/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য-৫৬, রাজশাহী-৫ (দুর্গাপুর-পুঠিয়া) নির্বাচনী এলাকা।
- ০২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- ০৫। মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, রাজশাহী।
- ০৬। উপজেলাঅফিসার, দুর্গাপুর, রাজশাহী।
- ০৭। চেয়ারম্যান,(সকল) ইউনিয়ন পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- ০৮। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, দুর্গাপুর, রাজশাহী।
- ০৯। সম্পাদক, দৈনিক রাজশাহী। তাঁর পত্রিকায় ১১ ফন্টে X কলামে ভিতরের পাতায় বিজ্ঞপ্তিটি একদিনের জন্য প্রকাশ করে (বিলসহ) পেপার কাটিং প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। অফিস কপি।

২০-০৭-২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী